গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
১২৫/এ, দারুস সালাম, ঢাকা-১২১৬
www.nimc.gov.bd

নম্বর: ১৫.৫৫.০০০০.০০০.৩০১.০৭.০১০৮.২৬.-১১২২

তারিখ: ১৮ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
০২ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

**বিষয়: Training Course Monitoring Committee (TCMC)-এর সভার কার্যবিবরণী।**

সভাপতি : অতিরিক্ত মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
সভার তারিখ ও সময় : ২৫ জুন ২০২৬ খ্রি. বৃহস্পতিবার, বেলা ২:৩০ মিনিট
সভার স্থান : অতিরিক্ত মহাপরিচালক-এর দপ্তর কক্ষ
উপস্থিতির তালিকা : পরিশিষ্ট "ক" (উপস্থিতি তালিকা সংযুক্ত)

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট পরিচালিত প্রশিক্ষণ কোর্সসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য গঠিত Training Course Monitoring Committee (TCMC)-এর দ্বিতীয় সভা গত ২৫ জুন ২০২৬ তারিখ বেলা ২:৩০ মিনিটে কমিটির আহ্বায়ক জনাব রওনক জাহান, অতিরিক্ত মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা-এর সভাপতিত্বে তাঁর দপ্তর কক্ষে অনুষ্ঠিত হয় (সংযুক্তি-১: সভার নোটিশ)। সভায় উপস্থিত কমিটির সদস্যগণকে (সংযুক্তি ২: উপস্থিতি তালিকা) স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভায় কমিটির প্রথম সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা, ২০২৬-২৭ অর্থবছরে আয়োজিত প্রশিক্ষণসমূহের জন্য রিসোর্স পার্সন পুল প্রস্তুতকরণ ও অন্যান্য বিষয়ে আলোচনা হয় এবং সদস্যগণের মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্র.নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | Resource Persons Pool তৈরি করা | প্রথম সভায় গৃহীত Resource Persons Pool তৈরি করা সংক্রান্ত সিদ্ধান্ত (প্রথম সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত ২) অনুযায়ী জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট পরিচালিত কোর্সসমূহের জন্য বিষয়ভিত্তিক সম্পদ ব্যক্তির তালিকা প্রণয়নের অগ্রগতির বিষয়ে সভায় আলোচনা করা হয়। | অত্র ইনস্টিটিউটের পরিচালকগণ কর্তৃক আগামী ৮ জুলাই ২০২৬ তারিখের মধ্যে ২০২৬-২৭ অর্থবছরের প্রশিক্ষণ পঞ্জি অনুযায়ী কোর্সসমূহের জন্য বিষয়ভিত্তিক সম্পদ ব্যক্তির তালিকা কমিটির আহ্বায়ক বরাবর প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।<br><br>২। পরিচালক (প্রশিক্ষণ অনুষ্ঠান) জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।<br><br>৩। পরিচালক (প্রশিক্ষণ প্রকৌশল) জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা। |
| ২. | সম্পদ ব্যক্তির মূল্যায়ন | বিভিন্ন কোর্সে আগত অতিথি সম্পদ ব্যক্তিবৃন্দ সম্পর্কে প্রশিক্ষণার্থীদের মূল্যায়ন যথাসময়ে সংগ্রহ করা সংক্রান্ত প্রথম সভায় গৃহীত সিদ্ধান্ত (প্রথম সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত ৪) অনুযায়ী কোর্স শুরুর পূর্বে আবশ্যিকভাবে প্রশিক্ষণার্থীদের কাছ থেকে মূল্যায়ন ফরম সংগ্রহ করা এবং কোর্স শেষে মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | সভার সদস্যগণের আলোচনার প্রেক্ষিতে সম্পদ ব্যক্তির মূল্যায়ন বিষয়ে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:<br>(ক) প্রতি সেশন শেষে আবশ্যিকভাবে প্রশিক্ষণার্থীদের কাছ থেকে মূল্যায়ন ফরম সংগ্রহ করা অথবা Google Form পূরণপূর্বক সাবমিশন নিশ্চিত করা;<br>(খ) প্রশিক্ষণ কোর্স সমাপ্ত হওয়ার ৭ (সাত) কর্মদিবসের মধ্যে মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করে কোর্স প্রশাসনের কাছে জমা দেওয়া। | ১। সংশ্লিষ্ট কোর্স পরিচালকগণ<br>২। উপপরিচালক (গবেষণা), জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা। |

(পরবর্তী পৃষ্ঠায় দ্রষ্টব্য)

CamScanner

(পূর্ব পৃষ্ঠার ধারাবাহিকতায়)

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | বিবিধ | বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে সেশন পরিচালনার জন্য অতিথি সম্পদ ব্যক্তি ও ইনস্টিটিউটের নিজস্ব ফ্যাকাল্টিগণের স্ট্যান্ডার্ড অনুপাত নির্ধারণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে সেশন পরিচালনার জন্য অতিথি সম্পদ ব্যক্তি ও ইনস্টিটিউটের নিজস্ব ফ্যাকাল্টিগণের অনুপাত ৭০%:৩০% নির্ধারণ করা যায় কি না সে বিষয়ে মহাপরিচালক মহোদয়ের সাথে আলোচনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত মহাপরিচালক জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট (মহাপরিচালক মহোদয়ের অনুমোদন সাপেক্ষে) |

২। সভায় আর আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করেন।

০২/৭/২৬
রওনক জাহান
অতিরিক্ত মহাপরিচালক
ও
আহ্বায়ক
Training Course Monitoring Committee
(TCMC)

নম্বর: ১৫.৫৫.০০০০.০০০.৩০১.০৭.০১০৮.২৬.-১১২২

তারিখ: ১৮ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
০২ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পরিচালক (প্রশাসন ও উন্নয়ন/প্রশিক্ষণ অনুষ্ঠান/প্রশিক্ষণ প্রকৌশল), জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
২. উপপরিচালক ((বেতার প্রকৌশল প্রশিক্ষণ/টেলিভিশন প্রকৌশল প্রশিক্ষণ/প্রশাসন/প্রোগ্রামার/বেতার অনুষ্ঠান/টেলিভিশন অনুষ্ঠান প্রশিক্ষণ/চলচ্চিত্র প্রশিক্ষণ/ অর্থ/ ক্যামেরা ও আলোকসম্পাত প্রশিক্ষণ/দৃশ্যসজ্জা ও রেখায়ন প্রশিক্ষণ/গবেষণা), জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
৩. সহকারী পরিচালক (বেতার প্রকৌশল প্রশিক্ষণ/ বেতার অনুষ্ঠান প্রশিক্ষণ/ অর্থ/ গণযোগাযোগ প্রশিক্ষণ/ক্যামেরা ও আলোকসম্পাত প্রশিক্ষণ / চলচ্চিত্র প্রশিক্ষণ/ প্রশাসন)/ গবেষণা কর্মকর্তা/সহকারী রক্ষণ প্রকৌশলী/ চিত্রগ্রাহক (চলচ্চিত্র)/ সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
৪. সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. স্টোর অফিসার/ উপসহকারী প্রকৌশলী (বেতার)/ সহকারি গ্রন্থাগারিক/ উপসহকারী প্রকৌশলী (টিভি)/ প্রশাসনিক কর্মকর্তা, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
৬. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা
৭. অতিরিক্ত মহাপরিচালক-এর ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
৮. নথি।

2/7/2026
রোকসানা রহমান
উপপরিচালক
(টেলিভিশন প্রকৌশল প্রশিক্ষণ)
ও
সদস্য সচিব
Training Course Monitoring Committee
(TCMC)

o/c

CamScanner